


দৈনিক
# আজাদী

প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




বৃহস্পতিবার | ৩০ সেপ্টেম্বর ২০২১ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ২৬ সংখ্যা | ১৫ আশ্বিন ১৪২৮ সাল | ২২ সফর ১৪৪৩ হিজরি | ১২ পৃষ্ঠা | ৬ টাকা




আইআইইউসি রেল স্টেশনে নতুন ভবনের নির্মাণ কাজের উদ্বোধন শেষে মোনাজাত করছেন এ.বি.এম ফজলে করিম চৌধুরী এমপি, প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, খাদিজাতুল আনোয়ার সনি এমপি

## এখানে থাকবে সমস্ত সুযোগ-সুবিধা : ফজলে করিম

# আইআইইউসি'র রেল স্টেশন ভবন নির্মাণ কাজ উদ্বোধন

সীতাকুণ্ড প্রতিনিধি

দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে শাটল ট্রেন সার্ভিস চালু হচ্ছে চট্টগ্রামের সীতাকুণ্ডের কুমিরাস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে (আইআইইউসি)। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পর দ্বিতীয় কোনো বিশ্ববিদ্যালয়ে শাটল ট্রেন সার্ভিস যুক্ত হচ্ছে এই বিশ্ববিদ্যালয়টিতেই। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় স্টেশনের যাত্রী সুবিধা বৃদ্ধির জন্য প্লাটফর্ম উঁচুকরণ, এক্সেস কন্ট্রোল, প্লাটফর্ম শেড নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। এর আগে রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি সরকারকে আইআইইউসি ও চুয়েটসহ দুটি ক্যাম্পাসে রেল সংযোগ স্থাপনের প্রস্তাবনা দেয়। আইআইইউসি'র পাশেই নির্মাণ করা হচ্ছে এ রেলস্টেশন। আইআইইউসির ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে এ রেল রুট চালু করার উদ্যোগ নেয়া হয়। গতকাল বুধবার বেলা সাড়ে ১১টায় রেল স্টেশনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি। উদ্বোধনকালে তিনি বলেন, একসময় যাতায়াত ব্যবস্থা ছিল অপ্রতুল। তৎকালীন সময়ে আমাদের হেঁটে বিশ্ববিদ্যালয় যেতে হত। কিন্তু এখন ট্রেনে উঠলে বিশ্ববিদ্যালয়ে পৌঁছে যাচ্ছে শিক্ষার্থীরা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় তা সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রীর আন্তরিকতায় কুমিরায় আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয়ের (আইআইইউসি) শিক্ষার্থীদের জন্য আধুনিক ও মানসম্মত স্টেশন তৈরি করা হচ্ছে। যেখানে থাকবে সমস্ত সুযোগ-সুবিধা। বিশ্ববিদ্যালয়ের শিক্ষর্থীরা শাটল ট্রেনে সকালে বিশ্ববিদ্যালয়ে আসবে আবার বিকেলে একই ট্রেনে চড়ে নিজ বাড়িতে ফিরে যাবে। এসময় উপস্থিত ছিলেন- আইআইইউসির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ও সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, *৯ম পৃষ্ঠার ৩য় কলাম*

## আইআইইউসি'র

*১২ পৃষ্ঠার পর*

ট্রাস্টি বোর্ড সদস্য ও সংরক্ষিত নারী আসনের সাংসদ খাদিজাতুল আনোয়ার সনি, রেলওয়ের (পূর্ব) মহাব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, রেলওয়ে পূর্বাঞ্চলের প্রধান প্রকৌশলী মো. সুবক্তগীণ, আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রাউজান উপজেলা চেয়ারম্যান এহেছানুল হায়দর চৌধুরী বাবুলসহ নেতৃবৃন্দ।

ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে আইআইইউসি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি বলেন- শেখ হাসিনা মানেই সমৃদ্ধ বাংলাদেশ, আর সমৃদ্ধ বাংলাদেশ মানেই শেখ হাসিনা। এক সময়ের অভিভাবক শুন্য বাংলাদেশ রেলওয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় আজ উন্নতির চরম শিখরে অবস্থান করছে। উনার নেতৃত্বে বাস্তবায়নের পথে পর্যটন নগর কক্সবাজারের রেললাইন স্থাপন কাজ। বর্তমান সরকারের আমলেই বুলেট ট্রেন চালুর পাশাপাশি দেশে ৫৫টি রেল স্টেশন করা হবে। পূর্বাঞ্চলেই হবে ২৬টি। এছাড়াও ভবিষ্যতে রাঙামাটির খাগড়াছড়ি বান্দরবান, কাপ্তাই, রামগড় রেল যাবে। বে-টার্মিনালেও রেল স্টেশন করা হবে, যাতে সরাসরি সমুদ্র থেকে মালামাল ট্রেনে পরিবহন করা যায়। সাংসদ এবিএম ফজলে করিম চৌধুরী বলেন, নতুন করে সাজানো গেলে আইআইইউসিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। তিনি বলেন, আইআইইউসি'র শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধু এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুজিব কর্ণার স্থাপন, বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগের মতো গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার মহৎ উদ্যোগ গ্রহণ করায় বর্তমান বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান, ট্রাস্টির সদস্যদের প্রতি তিনি আন্তরিক কৃতজ্ঞতা জানান। আগামী ৭ অক্টোবর এ স্টেশনের কাজ শুরু হবে বলেও জানান তিনি।

সভাপতির বক্তব্যে আইআইইউসির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ও সাংসদ ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামী শিক্ষায় একটি মাইলফলক স্থাপন করেছেন। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়, একইসাথে আরবী বিশ্ববিদ্যালয়ও করেছেন। কারণ পুরো আরব বিশ্বে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে একটি অপপ্রচার রটিয়ে দেয়া হয়েছে যে, আওয়ামী লীগ ইসলাম ও আরবী বিরোধী। এজন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন বিশ্ববিদ্যালয়ের নামের সাথে ইসলামী ও আরবী দু'টাই থাকবে। তিনি আরো বলেন, এখানে জামায়াতের এমন কোন নেতা নেই যিনি আসেননি। গোলাম আজম সাহেব থেকে শুরু করে জামায়াতের বড় বড় নেতারা এখানে এসেছেন। জামায়াত একক কর্তৃত্বে দীর্ঘদিন এখানে তাদের সিন্ডিকেট করে রেখেছিল। আমরা তা ভেঙেছি। পৃথিবীর কোথাও এমন কোন আইন নেই যে একটি নির্দিষ্ট দল বা গোষ্ঠী দীর্ঘদিন একচ্ছত্র ক্ষমতার বলে কোন প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য সাংসদ খাদিজাতুল আনোয়ার সনি। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার আজিম আরিফ, বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের মহাব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, রেলওয়ে পূর্বাঞ্চলের প্রধান প্রকৌশলী মো. সুবক্তগীণ।

Ref: Daily Azadi, Date: 30 September 2021, Page: 12, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-09-30





চট্টগ্রাম বৃহস্পতিবার ৩০ সেপ্টেম্বর ২০২১

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা






রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৬তম বর্ষ ২১৯তম সংখ্যা ।। ১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ ।। ২২ সফর ১৪৪৩ হিজরি ।। Thursday 30 September 2021 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*কুমিরাস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে শাটল ট্রেন সার্ভিস উদ্বোধনশেষে মোনাজাত করছেন রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরীসহ অতিথিবৃন্দ*

### *আইআইইউসিতে ফজলে করিম এমপি*

# এ সরকারের আমলেই বুলেট ট্রেন

নিজস্ব সংবাদদাতা ■ সীতাকুণ্ড

বাংলাদেশ রেলওয়ের কোনো অভিভাবক ছিলো না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্ব গ্রহণ করেই রেলওয়েকে অন্য উচ্চতায় নিয়ে গেছেন। এই সরকারের আমলেই দেশে বুলেট ট্রেন চালু হবে। ২০২২ সালে পর্যটন নগরী কক্সবাজারে ট্রেন যাবে। মানুষ রেলে করে কক্সবাজার যাবে কখনো সেটি কল্পনা করেনি। কিন্তু এর কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সেটি এখন বাস্তবায়নের পথে। গতকাল বুধবার বেলা ১১টায় সীতাকুণ্ডের কুমিরায় অবস্থিত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (আইআইইউসির) এলাকায় রেল স্টেশনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানের প্রধান অতিথি রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি এসব কথা বলেন। তিনি আরো বলেন, দেশে ৫৫টি রেল স্টেশন আধুনিকায়ন করা হবে। এর মধ্যে পূর্বাঞ্চলেই হবে ২৬টি। ভবিষ্যতে রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, কাপ্তাই এবং রামগড়ও রেল যাবে। বে-টার্মিনাল চালু করা হবে, যাতে সরাসরি সমুদ্র থেকে মালামাল ট্রেনে পরিবহন করা যায়। ফজলে করিম এমপি নিজের বিশ্ববিদ্যালয় জীবনের স্মৃতি চারণে বলেন, আমাদের সময়ে যাতায়াত ব্যবস্থা ছিলো না। আমি হেঁটে বিশ্ববিদ্যালয়ে যেতাম। কিন্তু এখন ট্রেনে উঠলে বিশ্ববিদ্যালয়ে পৌঁছে যাচ্ছে শিক্ষার্থীরা। এটি সম্ভব হয়েছে শুধু মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য। বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের

● ৬ষ্ঠ পৃষ্ঠার ২য় ক.

Ref: Daily purbokon, Date: 30 September 2021, Page: 8, Col: 5
https://www.dainikpurbokone.net/index.php?page=1&date=2021-09-30

বিজ্ঞান সাময়িকী পড়ুন ১০ পৃষ্ঠায়
রেডিওর চাকরি ছেড়ে বিশ্ববিখ্যাত অভিনেতা!
দুই বন্ধুর পথচলার তিন দশক
আয় খুকু আয় গাইলেন আসিফ-রায়না
ড. আবদুল লতিফ মাসুম ও জসিম উদ্দিনের কলাম • পৃষ্ঠা ৬-৭
তিউনিসিয়ার প্রেসিডেন্টকে অপসারণের দাবি • পৃষ্ঠা ৫
কয়েক কোটি টাকার সম্পদের মালিক সাব-রেজিস্ট্রি অফিসের কেরানি • পৃষ্ঠা ৩

# নয়া দিগন্ত

দ্বিতীয় সংস্করণ
বৃহস্পতিবার
ঢাকা, ১৫ আশ্বিন ১৪২৮
২২ সফর ১৪৪৩
৩০ সেপ্টেম্বর ২০২১
রেজি. নং ডিএ ৪০০৫
বর্ষ ১৮, সংখ্যা ১২৮, পৃষ্ঠা ১২
মূল্য ১০ টাকা

www.dailynayadiganta.com ▪ www.enayadiganta.com ▪ facebook.com/nayadiganta

## আইআইইউসির রেলস্টেশন ভবন নির্মাণ কাজ উদ্বোধন

দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) জন্য সীতাকুণ্ডের কুমিরা রেলস্টেশনে নতুন ভবন নির্মাণ, স্টেশনের যাত্রীসুবিধা বৃদ্ধির জন্য প্লাটফর্ম উঁচুকরণ, এক্সেস কন্ট্রোল, স্টেশন অ্যাপ্রোচ রোড এবং প্লাটফর্ম শেড নির্মাণকাজের উদ্বোধন করা হয়েছে। গতকাল সকালে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের উদ্যোগে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ■ ৪র্থ পৃ: ২-এর কলামে

ইসলাম। এ ছাড়া উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।



কুমিরা রেলস্টেশনে আইআইইউসির নতুন ভবন নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে মুনাজাত



## আইআইইউসির কুমিরা ভবনের

৩য় পৃষ্ঠার পর

প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, খাদিজাতুল আনোয়ার সনি এমপি, আইআইইউসির ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রাউজান উপজেলা চেয়ারম্যান এহসানুল হায়দার চৌধুরী বাবুল। সভাপতিত্ব করেন বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম অঞ্চলের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধান অতিথি রেলস্টেশনের ফলক উন্মোচন করেন।

রেলস্টেশন ভবনের নির্মাণকাজ উদ্বোধন শেষে দুপুর ১২টায় আইআইইউসি অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির সভাপতিতে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি। প্রধান বক্তা ছিলেন আইআইইউসির ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী।

প্রধান অতথির বক্তব্যে এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি বলেন, বঙ্গবন্ধুর কাছে নিজের জীবনের চেয়ে বাঙালি জাতির অধিকার প্রতিষ্ঠা ছিল অনেক বড়। তিনি নিজের জীবন ও পরিবার পরিজনের সুখ সমৃদ্ধিকে তুচ্ছজ্ঞান করে আজীবন দেশ ও জাতির জন্য কাজ করে গেছেন। তিনি বলেন, বঙ্গবন্ধু তার স্বপ্নের সোনার বাংলার সফল বাস্তবায়ন দেখে যেতে না পারলেও বঙ্গবন্ধু তনয়া প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বঙ্গবন্ধুর সোনার বাংলার সফল বাস্তবায়ন সময়ের ব্যাপার মাত্র। তিনি বলেন, বাংলাদেশ মানে শেখ হাসিনা, শেখ হাসিনা মানে বাংলাদেশ। তিনি দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এ শাটল ট্রেন চালুর চিন্তার কথা উল্লেখ করে বলেন, আইআইইউসির জন্য সীতাকুণ্ড কুমিরার রেলস্টেশন ভবনের নির্মাণকাজ শেষ হলে নিয়ম করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুবিধার্থে রেল থামবে এ স্টেশনে।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন প্রোভিসি প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ডিন, সভাপতি ও কর্মকর্তারা। বিজ্ঞপ্তি।

Ref: Daily Nayadinganta, Date: 30 September 2021, Page: 3, Col: 3
http://www.enayadiganta.com/index.php?archive=30-09-2021